



সভার নোটিশ
সিটিব্যাপী জনসাধারণের মতামত গ্রহণ পর্ব

সময় ও স্থান:

মঙ্গলবার, 30 জুন, 2026, বিকাল 5:00টা – রাত 8:00টা
CUNY Medgar Evers College
1650 Bedford Avenue
Brooklyn, NY 11225

বুধবার, 1 জুলাই, 2026, বিকাল 5:00টা – রাত 8:00টা
CUNY Lehman College
250 Bedford Park Boulevard West
Bronx, NY 10468

সোমবার, 6 জুলাই, 2026, বিকাল 5:00টা – রাত 8:00টা
Snug Harbor Cultural Center, Great Hall
1000 Richmond Terrace
Staten Island, NY 10301

বুধবার, 8 জুলাই, 2026, বিকাল 5:00টা – রাত 8:00টা
Riverside Church
490 Riverside Drive
New York, NY 10027

সোমবার, 13 জুলাই, 2026, বিকাল 5:00টা – রাত 8:00টা
Queens Borough Hall, Helen Marshall Cultural Center
120-55 Queens Boulevard
Kew Gardens, NY 11424

ভার্চুয়াল স্থান: www.nyc.gov/COGE ঠিকানায় পোস্ট করা জুম (Zoom) মিটিংয়ের লিঙ্কটি দেখুন।

জনসাধারণের মতামত গ্রহণ পর্বের নোটিশ

নিউ ইয়র্ক সিটি কমিশন অন গভর্নমেন্ট এফিসিয়েন্সি (“COGE”) নিউ ইয়র্ক সিটি চার্টারের প্রস্তাবিত পরিবর্তনগুলো নিয়ে আলোচনার জন্য পাঁচটি বরোতেই জনসাধারণের মতামত গ্রহণ পর্বের আয়োজন করবে। আইন অনুযায়ী আগামী 3 নভেম্বর, 2026 তারিখের সাধারণ নির্বাচনে অথবা অন্য কোনো নির্ধারিত নির্বাচনের তারিখে ভোটারদের সামনে উপস্থাপনের জন্য চার্টারের সংশোধনীগুলো বিবেচনা করার ক্ষমতা COGE-কে দেওয়া হয়েছে।

জনসাধারণের মতামত গ্রহণের এই পর্বগুলো কী বিষয় নিয়ে?

চাটারটি সিটি সরকারের কাঠামো নির্ধারণ করে এবং সিটির নির্বাচিত কর্মকর্তা ও সংস্থাগুলোর মূল ক্ষমতাগুলো সুনির্দিষ্ট করে দেয়। সম্পূর্ণ চাটারটি পর্যালোচনার পর, সিটি সরকারের কার্যকারিতা আরো বাড়াতে এবং সকল নিউ ইয়র্কবাসীকে আরো ভালোভাবে সেবা দেওয়ার উদ্দেশ্যে COGE কিছু পরিবর্তনের সুপারিশ করতে পারে।

বিশেষজ্ঞদের বক্তব্য শুনতে, সিটি সরকারের জন্য গুরুত্বপূর্ণ যেকোনো বিষয়ে মতামত জানাতে এবং চাটারে পরিবর্তনের পরামর্শ দেওয়ার জন্য জনসাধারণকে আমন্ত্রণ জানানো হচ্ছে। আমাদের নিম্নোক্ত ওয়েবসাইট ভিজিট করে আপনি নিউ ইয়র্ক সিটি কমিশন অন গভর্নমেন্ট এফিসিয়েন্সি সম্পর্কে আরো বিস্তারিত জানতে পারেন: www.nyc.gov/COGE।

কারা মতামত জানাতে পারবেন?

এই সভাগুলো সর্বসাধারণের জন্য উন্মুক্ত এবং COGE-এর সদস্যদের সামনে জনসাধারণের বক্তব্য রাখার সুযোগ থাকবে। জনসাধারণের যেকোনো সদস্য সিটি চাটার উন্নত করার বিষয়ে তাদের নিজস্ব চিন্তাভাবনা নিয়ে সর্বোচ্চ তিন(3) মিনিট পর্যন্ত বক্তব্য রাখতে পারবেন। যারা সরাসরি সভায় উপস্থিত হবেন এবং যারা জুমের মাধ্যমে যুক্ত হবেন—উভয় পক্ষের বক্তব্যই COGE সাদরে গ্রহণ করবে। জুমের মাধ্যমে যুক্ত হওয়া ব্যক্তিদের বক্তব্য শোনার আগে, COGE সরাসরি সশরীরে উপস্থিত থাকা ব্যক্তিদের বক্তব্য শুনবেন। কোনো গ্রুপ, সংস্থা বা প্রতিষ্ঠান বক্তব্য দিতে চাইলে তাদের পক্ষে একজনকে নির্দিষ্ট প্রতিনিধি হিসেবে নির্বাচন করতে হবে। পাঁচটি বরোর যেকোনোটির নিউ ইয়র্কবাসী এতে বক্তব্য দিতে পারবেন। এই শুনানিতে কথা বলার জন্য যারা নাম লেখাবেন, COGE তাদের সবাইকে সুযোগ দেওয়ার চেষ্টা করবে, তবে সময় স্বল্পতার কারণে সবার বক্তব্য শোনা সম্ভব না হলে, জনসাধারণকে বক্তব্য দেওয়ার অন্যান্য সুযোগগুলো ব্যবহারের আহ্বান জানানো হচ্ছে; যার মধ্যে রয়েছে COGE-এর পরবর্তী জনসাধারণের মতামত গ্রহণ পর্বগুলোতে বক্তব্য দেওয়া অথবা <https://tinyurl.com/COGE2026comments> ঠিকানায় লিখিত বক্তব্য জমা দেওয়া।

আমি কিভাবে লিখিত বক্তব্য জমা দেব?

জনসাধারণ কোনো শুনানিতে সরাসরি বক্তব্য দেওয়ার পরিবর্তে অথবা এর পাশাপাশি <https://tinyurl.com/COGE2026comments> ঠিকানায় গিয়ে লিখিত বক্তব্য জমা দিতে পারেন।

শুনানিগুলো কখন এবং কোথায় অনুষ্ঠিত হবে?

জনসাধারণের অংশগ্রহণের সুযোগ উন্মুক্ত থাকবে এবং মতামত গ্রহণের প্রতিটি পর্ব নিচে উল্লিখিত তারিখ, সময় ও স্থান অনুযায়ী www.nyc.gov/COGE ঠিকানায় পোস্ট করা জুম লিঙ্কের মাধ্যমে ভার্চুয়ালি যুক্ত হওয়া যাবে:

মঙ্গলবার, 30 জুন, 2026, বিকাল 5:00টা – রাত 8:00টা
CUNY Medgar Evers College
1650 Bedford Avenue
Brooklyn, NY 11225

বুধবার, 1 জুলাই, 2026, বিকাল 5:00টা – রাত 8:00টা
CUNY Lehman College
250 Bedford Park Boulevard West
Bronx, NY 10468

সোমবার, 6 জুলাই, 2026, বিকাল 5:00টা – রাত 8:00টা
Snug Harbor Cultural Center, Great Hall
1000 Richmond Terrace
Staten Island, NY 10301

বুধবার, 8 জুলাই, 2026, বিকাল 5:00টা – রাত 8:00টা
Riverside Church
490 Riverside Drive
New York, NY 10027

সোমবার, 13 জুলাই, 2026, বিকাল 5:00টা – রাত 8:00টা
Queens Borough Hall, Helen Marshall Cultural Center
120-55 Queens Boulevard
Kew Gardens, NY 11424

জনসাধারণ উক্ত সময়েই www.nyc.gov/COGE ঠিকানায় পোস্ট করা জুম লিঙ্কের মাধ্যমে সভায় যোগ দিতে পারবেন।

সভায় পর্যবেক্ষণ বা বক্তব্য দেওয়ার ক্ষেত্রে যদি আমার সহায়তার প্রয়োজন হয় তাহলে কী করব?

অনলাইন এবং সভাস্থল উভয় জায়গাতেই আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ এবং স্প্যানিশ অনুবাদ সুবিধা প্রদান করা হবে। আপনি যে সভায় যোগ দেওয়ার পরিকল্পনা করছেন, সেটি শুরুর সময়ের অন্তত 48 ঘণ্টা আগে CharterInfo@citycharter.nyc.gov ঠিকানায় ইমেইলে অথবা 212-788-0014 নম্বরে কল করে ভয়েসমেইল পাঠিয়ে ভাষাগত অনুবাদ এবং/অথবা অন্যান্য অ্যাক্সেসিবিলিটি সংক্রান্ত অনুরোধ জানান। যতটা সম্ভব সব ধরনের অনুরোধ রক্ষা করার চেষ্টা করা হবে।